দৈনিক বাংলা

তারিখ ... 16 JUN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৩

92

# ঢাকা ভার্সিটিতে অনার্সে ২টি নতুন বিষয় চালু হচ্ছে

**মিডিয়া সিন্ডিকেট :** ১৯৯৪–৯৫ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স শ্রেণীতে ২টি নতুন বিষয় চালু করা হচ্ছে। এগুলো হলো কম্পিউটার বিজ্ঞান ও ফলিত পরিসংখ্যান। বিজ্ঞান অনুষদের অধীনে কম্পিউটার বিজ্ঞান বিষয়ে ২০টি আসনে এবং পরিসংখ্যান ও গবেষণা ইন্সটিটিউটের অধীনে ফলিত পরিসংখ্যান বিষয়ে ৩০টি আসনে 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র–ছাত্রীরা এই দু'টি বিষয়ে ভর্তি হওয়ার সুযোগ পাবে। নতুন এ ২টি বিষয় চালুর ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স শ্রেণীতে বিষয়ের সংখ্যা দাঁড়ালো ৪৩–এ। আর বিভাগ হলো ৩৮টি।

এদিকে '৯৪–৯৫ শিক্ষাবর্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদে অনার্স শ্রেণীতে বিবিএ কোর্স চালু হচ্ছে। বাণিজ্য অনুষদের নুতন নামকরণ করা হয়েছে বিজনেস ষ্টাডিজ ফ্যাকাল্টি।

এছাড়া '৯৪–৯৫ সেশন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা, সামাজিক বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদে অনার্স শ্রেণীতে সমন্বিত কোর্স পদ্ধতির চালু করা হচ্ছে। এ পদ্ধতিতে অনার্সে আর সাবসিডিয়ারী বিষয় পড়তে হবে না। তার পরিবর্তে অধিক নম্বরের অনার্স কোর্স চালু হচ্ছে।